

জীবনের জন্য বিজ্ঞান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ
সেবা শাখা
www.bcsir.gov.bd

“শেখ হাসিনার দর্শন,
সব মানুষের উন্নয়ন”


৩৯.৩১১.০২১.০০.০০.০৮৯.২০১২ / ২৪

তারিখ: ২৩.০১.২০২০

বিষয়: ২০১৯ সালের বার্ষিক গোপনীয় অনুবেদন যথাযথভাবে পূরণপূর্বক পরিষদ সচিবালয়ে প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আপনার অধীনস্থ সকল বিজ্ঞানী/কর্মকর্তা/কর্মচারীর ২০১৯ সালের বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম নিম্নোক্ত নির্দেশনার আলোকে আগামী ৩১.০৩.২০২০ তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

১. গোপনীয় অনুবেদন ফরমের ১ম অংশের স্বাস্থ্য পরীক্ষা প্রতিবেদন অনুমোদিত স্বাস্থ্য কর্মকর্তা কর্তৃক পূরণ করতে হবে।
২. অনুবেদনাধীন কর্মকর্তা, অনুবেদনকারী ও প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষ কর্তৃক গোপনীয় অনুবেদনের যথাস্থানে স্বাক্ষর করার পর নাম, পদবী ও সীলমোহর আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।
৩. নিকটতম উর্ধ্বতন কর্মকর্তা অনুবেদনের সূচনা করবেন এবং অনুবেদনকারী কর্মকর্তার উপরস্থ কর্মকর্তা এতে প্রতিস্বাক্ষর করবেন। অনুবেদনাধীন কর্মকর্তার কাজের সংগে উভয়েরই সংশ্লিষ্টতা থাকতে হবে।
৪. গোপনীয় অনুবেদন ফরম পূরণের ক্ষেত্রে কোনভাবেই ফ্লুইড ব্যবহার করা যাবে না এবং ওভার রাইট করা যাবে না।
৫. অনুবেদন ফরমের ২য় ও ৩ম অংশ যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট তথ্যাদি সংযুক্ত করতে হবে এবং কর্মকর্তারা ১৫ নং কলাম (বিবেচ্য সময়ে সম্পাদিত কাজ) অবশ্যই পূরণ করতে হবে।
৬. বার্ষিক গোপনীয় অনুবেদনের মান নির্ণয় অংশে অনুবেদনকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত অনুস্বাক্ষর এর সাথে মোট প্রাপ্ত নম্বরের সামঞ্জস্যতা থাকতে হবে।
৭. বার্ষিক গোপনীয় অনুবেদন দাখিলে ক্ষেত্রে অনুবেদন ফরমের ২য় অংশের ১৩ নং ক্রমিকে অনুবেদনকারী কর্মকর্তার অধীনে কর্মকালের প্রকৃত মেয়াদ লিপিবদ্ধ করতে হবে।
৮. অনুবেদনাধীন কর্মকর্তার বিষয়ে প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা ব্যক্তিগত পর্যবেক্ষণের আলোকে অনুবেদনকারী কর্মকর্তার মন্তব্য মূল্যায়ন করে ৬ষ্ঠ পৃষ্ঠার ৭ম অংশে নিজস্ব মতামত লিখবেন। সামগ্রিক মূল্যায়নের ভিত্তিতে মোট নম্বরের প্রাপ্যতা উল্লেখ করবেন।


২৫-০১-২০২০
(বেনজীর আহমেদ)
সচিব (ভারপ্রাপ্ত)

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. পরিচালক, পিপি এন্ড পিডিসি, বিসিএসআইআর, ঢাকা।
২. পরিচালক (ভারপ্রাপ্ত), আইএমএমএম, জয়পুরহাট/ বিসিএসআইআর গবেষণাগার, ঢাকা/আইজিসিআরটি, ঢাকা/আইএফএসটি, ঢাকা/বিসিএসআইআর গবেষণাগার, চট্টগ্রাম/আইএনএআরএস, ঢাকা/বিসিএসআইআর গবেষণাগার, রাজশাহী/আইএফআরডি, ঢাকা/পি এন্ড ডি, ঢাকা/বিটিআরআই, ঢাকা।
৩. পরিচালক (ভারপ্রাপ্ত), ডিআরআইসিএম, বিসিএসআইআর, ঢাকা।
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, এলআরআই, সাভার, ঢাকা।
৫. মেডিক্যাল কনসাল্টেন্ট, বিসিএসআইআর, সচিবালয়, ঢাকা।
৬. গবেষণা সমন্বয়কারী, বিসিএসআইআর, সচিবালয়, ঢাকা।
৭. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিসিএসআইআর, ঢাকা।
৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা আইসিটি সেল, বিসিএসআইআর, ঢাকা। (অফিস আদেশটি পরিষদের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৯. পরিচালক, (অর্থ ও হিসাব), বিসিএসআইআর, ঢাকা।
১০. সিনিয়র ইন্ডাস্ট্রিয়াল লিয়োগেই অফিসার, বিসিএসআইআর, ঢাকা।
১১. উপ-সচিব, উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা)/(অর্থ ও বাজেট), বিসিএসআইআর, সচিবালয়, ঢাকা।
১২. প্রিন্সিপাল লাইব্রেরিয়ান(ভারপ্রাপ্ত), বিসিএসআইআর, সচিবালয়, ঢাকা।
১৩. জনসংযোগ কর্মকর্তা, বিসিএসআইআর, সচিবালয়, ঢাকা।
১৪. শাখা প্রধান, সংস্থাপন-১,২,৩,৪, বিসিএসআইআর, সচিবালয়, ঢাকা।
১৫. শাখা প্রধান, হিসাব, বিল এন্ড ক্যাশ, নিরীক্ষা জিপিএফ, পেনশন সেল, বিসিএসআইআর, সচিবালয়, ঢাকা।
১৬. একান্ত সহকারী, সদস্য (প্রশাসন), সদস্য (অর্থ), সদস্য (উন্নয়ন), সদস্য (বি: ও প্র:), বিসিএসআইআর, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

ড. কুদরত-এ-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ।

Dr. Qudrat-I-Khuda Road, Dhanmondi, Dhaka-1205, Bangladesh.

Fax : 880-2-8613022, E-mail: bcsir@bangla.net, Web site : www.bcsir.gov.bd